মজার ছবি আঁকি ০১৬

# এসো রং করি

নাজিব তারেক



স্টুডিও৬/৬ | Studio6by6

A few years ago I was made to compose a Children's Drawing book '**Mojar Chobi Anki**' published by University Press Limited (UPL). As per my nature, when I start working on one project ten other ideas come to mind! One of these ideas were to make a drawing book or a compilation for adults. It would house modern drawings which adults can color. They can put them up on walls just like children. With this thought, I started drawing. And meanwhile I continued working on 'Mojar Chobi Aki'. Naturally the pace of work was slow. Thus only versions 0, 1, 2 and 3 came out. 4 and 5 didn't happen. 4 and 5 are not very important either. But disaster hit elsewhere, one dark night the compilation I was making for adults was lost with the laptop.

It's been 3 to 4 years since then. I am stuck at home, drawing and scanning artworks, in the times of Corona. Hundreds of line drawings. Thus, I thought why not make these selected line drawings part of the book '**Esho Rong Kori**'.

A total of 990 line drawings will be distributed in 99 different PDFS. Friends can print, color, sign and hang these on their walls. You can frame them or not. Gift them to friends.

Stay happy, stay creative!

Najib Tareque
1 April 2020

**মজার ছবি আঁকি**। এ নামেই ক'বছর আগে একটা শিশুদের ছবি আঁকা শেখার বই রচনা করতে বাধ্য হয়েছিলাম ইউনিভার্সিটি প্রেস লিমিটেড-এর জন্য। আমার যা স্বভাব, একটি কাজ করতে বসলে আরো দশটা কাজ মাথায় আইডিয়া হিসেবে কিলবিল করতে থাকে। সে রকমই একটা আইডিয়া ছিলো বড়দের জন্য একটা বই কিংবা ড্রইং সংকলন করা যায় কিনা! যেখানে আধুনিক চিত্রকলার বিবিধ ড্রইং থাকবে, বড়রা সে ড্রইং ধরে মনের মাধুরী মিশিয়ে রং করবে। সেই রঙিন কাগজ দেয়ালে সেটে দেবে শিশুদের মতই। তো যা ভাবা সেই কাজ লেগে পড়লাম ড্রইং করতে। তার ফাঁকে ফাঁকে চললো 'মজার ছবি আঁকা' এর কাজ। স্বাভাবিক ভাবেই গতি কমে গেলো 'মজার ছবি আঁকা' এর রচনার কাজে। ফলাফল 'মজার ছবি আঁকা' ০, ১, ২, ৩ এ এসে থেমে গেলো। ৪, ৫ আর করা হলোনা। অবশ্য ৪, ৫ খুব জরুরীও নয়। তবে সর্বনাশ টি হলো অন্যখানে। বড়দের জন্য যে 'এসো রং করি' বানাচ্ছিলাম তা হারিয়ে গেলো ল্যাপটপ সহ এক রাতের আঁধারে!


তারপর কেটে গ্যাছে ৩/৪ বছর। এ করোনা কালে গৃহবন্দী আমি ছবি আঁকছি পুরনো ছবি স্ক্যান করছি। শতশত ড্রইং বা রেখাছিত্র। ভাবা গেলো কেন নয় এ রেখাচিত্র গুলিই হোক বড়দের জন্য '**এসো রং করি**'


৯৯০ টি রেখাচিত্র দিয়ে ৯৯ টি পিডিএফ বই। বন্ধুরা প্রিন্ট করুন, রং করুন, স্বাক্ষরও করতে পারেন, দেয়ালে সেটে দিতে পারেন-ফ্রেম করে কিংবা না করে। বন্ধুদের উপহারও দিতে পারেন।


আনন্দে থাকুন, সৃজনশীল থাকুন।

নাজিব তারেক
১ এপ্রিল ২০২০


























স্টুডিও৬/৬ | Studio6by6





# মজার ছবি আঁকি ▮ এসো রং করি ০১৬

## নাজিব তারেক



### কেন ছবি আঁকা?

জগতে মানুষ আর-সব প্রাণীর মতোই একটি প্রাণী মাত্র। মানুষের যে কটি সক্ষমতা অন্য সব প্রাণী থেকে তাকে আলাদা করে ‘ছবি আঁকা’ তার মধ্যে অন্যতম। প্রধানতমও বলা যেতে পারে। রবীন্দ্রনাথের ভাষায় ‘জগৎ ধরা পড়ে রূপে’। জগতের সকল বস্তু বা প্রাণীর একটি রূপ আছে। তাকে চেনা বা জানার সাধারণ চেষ্টা ‘ছবি আঁকা’। শিশুর ছবি আঁকা তারই প্রমাণ। একটি শিশুর ছবি আঁকার মধ্যে ভবিষ্যতে শিল্পী হওয়ার কারণটি বা সম্ভাবনাটি সর্বদাই লুকিয়ে থাকে না, কিন্তু তার ‘মানুষ’ হয়ে উঠবার চর্চার ক্ষেত্রে ছবি আঁকবার সুযোগ তাকে এগিয়ে দেয় অনেকটা পথ। সে ভবিষ্যতে কী হবে তা তার প্রতিভা ও সুযোগের উপর নির্ভরশীল। কেউ হতে পারে প্রকৌশলী, কেউ হতে পারে অভিনেতা কিংবা নেতা। আবার কেউ গায়ক, কেউ খেলোয়াড়, কেউ চিকিৎসক বা বিজ্ঞানী। চলচ্চিত্র পরিচালক বা বিমানচালক। যা-ই হোক না কেন, জগৎকে চেনার জন্য দেখার জন্য ‘চোখ’ই প্রধান ইন্দ্রিয়। আর যা দেখছি তা কতটুক চেনা হলো, জানা হলো, তা নিজের কাছে জানবার-বুঝবার জন্য ছবি আঁকার কোনো বিকল্প নেই।

ছবি আঁকা ঠিক শিখবার বিষয় নয়, চর্চা করবার বিষয়। সম্ভবত লক্ষ বছর আগে মানুষ প্রথম ছবি আঁকে, সেটা ছিল নদী বা সমুদ্রের ধারের বালুতটে। তারও বহু পরে মানুষ গুহার দেয়ালে ছবি আঁকে, যে ছবি প্রায় চল্লিশ হাজার বছর পরে আমরা দেখছি। এখন পর্যন্ত খুঁজে পাওয়া সবচেয়ে পুরনো ভাস্কর্যটির বয়স প্রায় ২৫ হাজার বছর। দীর্ঘ সময়ের পথ পরিক্রমায় ছবি আঁকার কিছু সহজ নিয়ম আবিষ্কৃত হয়েছে, যা জানা থাকলে আঁকতে পারার জন্য নিছক প্রতিভার উপর নির্ভর করতে হয় না। বিজ্ঞানের নোট খাতায়, প্রকৌশলীর স্থাপনা/যন্ত্র কল্পনায়, চলচ্চিত্রকারের স্ক্রিপ্ট কিংবা শট ডিভিশনের স্কেচ আঁকাটি সহজ হয়। আর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্যও এঁকে ফেলা যায় প্রয়োজনীয় ক্যারেকটার বা নকশা।

আর যে কোনো বয়সের জন্য ছবি আঁকা হচ্ছে মনের শান্তি ফিরিয়ে আনবার সবচেয়ে কার্যকর উপায়।

**তাহলে আঁকাআঁকি চলুক ...**


6/6 Aziz Moholla
Joint Quarter, Block F
Mohammodpur, Dhaka 1207

স্টুডিও ৬/৬

৬/৬ আজিজ মহল্লা
জয়েন্ট কোয়ার্টার, ব্লক এফ
মোহাম্মদপুর, ঢাকা ১২০৭

/Studio6by6 | studio6by6@gmail.com

Call (88) 01683 453850



স্টুডিও ৬/৬ এর এরকম উদ্যোগকে সহযোগীতা করতে এই পিডিএফটি বন্ধুদের সাথে শেয়ার করুন।
আরো সহযোগীতা করতে চাইলে studio6by6@gmail.com এ ইমেইল করুন, bKash (বিকাশ) করুন ০১৬৮৩ ৪৫৩৮৫০ ফোন নম্বরে...

To help Studio 6/6 in their activities please share the PDF with your friends .
If you want to provide further assistance and donate, contact us at studio6by6@gmail.com or BKash at 01683453850.